বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়।
৮৩-৮৫,মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।
ঋণ আদায় বিভাগ।

মুজিব বর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-প্রকা/আদায়-৮(৫৯)/২০২০-২০২১/১৫৮০ তারিখঃ ০৬-০৫-২০২১ খ্রিঃ

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়
মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ আগামী ২৪-০৫-২০২১ খ্রীঃ তারিখ রোজ সোমবার সকল শাখায় একযোগে মুজিব বর্ষে "মধুমেলা অনুষ্ঠান" আয়োজন।**

প্রিয় মহোদয়,

জ্যৈষ্ঠ মাস মধু মাস। বাংলাদেশ কৃষি ব্যাংক আবহমান বাংলার ঐতিহ্য অনুসরণ করে প্রতি বছর এ মাসে **'মধুমেলা '** অনুষ্ঠান আয়োজন করে থাকে। বিগত বছরের ধারাবাহিকতায় চলতি অর্থবছরে আগামী ১৮-০৫-২০২১ হতে ২৪-০৫-২০২১ তারিখ পর্যন্ত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকীতে সর্বোচ্চ সেবার ব্রত নিয়ে এবং সর্বক্ষেত্রে **কোভিড-১৯ প্রতিরোধে প্রদত্ত স্বাস্থ্যবিধি** যথাযথ ভাবে পরিপালন করে সপ্তাহব্যাপী **'মধুমেলা সপ্তাহ'** এবং ২৪-০৫-২০২১ তারিখে সকল শাখায় একযোগে **'মধুমেলা '** অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০২। ২৪ মে, ২০২১ খ্রিঃ তারিখের 'মধুমেলা' অনুষ্ঠান উপলক্ষে স্থানীয় মুখ্য কার্যালয় এবং বিভাগসমূহের মধ্যে ঋণ আদায় ও বিতরণ এবং আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেয়া হলো (পরিশিষ্ট-০১)। বিভাগীয় মহাব্যবস্থাপকগণ প্রাপ্ত লক্ষ্যমাত্রা সমুহ তাদের আওতাধীন কর্পোরেট শাখা/মুখ্য অঞ্চল/অঞ্চলের মধ্যে প্রযোজ্যতা অনুযায়ী বন্টন করে দিবেন এবং বন্টনের একটি অনুলিপি ঋণ আদায় বিভাগে প্রেরন নিশ্চিত করবেন। অনুরূপভাবে মুখ্য অঞ্চল/ অঞ্চল প্রধানগণ তাঁদের আওতাধীন শাখাসমূহের মধ্যে আনুপাতিক হারে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দিবেন।

০৩। **১৮-০৫-২০২১ হতে ২৪-০৫-২০২১ তারিখ পর্যন্ত 'মধুমেলা সপ্তাহ' এবং ২৪-০৫-২০২১ তারিখে একযোগে সকল শাখায় "মধুমেলা " অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে বর্ণিত কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের জন্য মাঠ কার্যালয়সমূহকে পরামর্শ দেয়া হলোঃ-**

(ক) **ঋণ আদায়ঃ** ১৮-০৫-২০২১ হতে ২৪-০৫-২০২১ তারিখ পর্যন্ত ঋণ আদায়ে সপ্তাহব্যাপী **'মধুমেলা সপ্তাহ'** সফলভাবে আয়োজন কর্মসূচি গ্রহণ এবং **২৪-০৫-২০২১ খ্রিঃ তারিখে একযোগে সকল শাখায় "মধুমেলা"** অনুষ্ঠান সফলভাবে আয়োজনের মাধ্যমে নির্ধারিত ঋণ আদায় লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের পাশাপাশি অমানত সংগ্রহ ও ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।

(১) **ঋণগ্রহীতাগণের সাথে ব্যক্তিগত যোগাযোগঃ "মধুমেলা"** অনুষ্ঠান সফল করার লক্ষ্যে শ্রেণীকৃত, শ্রেণীযোগ্য ও পুনঃতফসিলিকৃত ঋণ গ্রহীতাগণের সাথে ব্যক্তিগত ভাবে সাক্ষাৎ ও মোবাইলের মাধ্যমে যোগাযোগ স্থাপন করে আগামী ১৮-০৫-২০২১ হতে ২৪-০৫-২০২১ তারিখ পর্যন্ত **"মধুমেলা"** অনুষ্ঠানে উপস্থিত হওয়ার জন্য আমন্ত্রণ জানাতে হবে এবং শাখাকে মুজিব বর্ষের লোগো সম্বলিত ড্যাংলার, রঙ্গিন পোস্টার ও ফুল দিয়ে সাজিয়ে উৎসব মুখর পরিবেশ সৃষ্টি করতে হবে,

(২) **"মধুমেলা"** অনুষ্ঠান সফল করার লক্ষ্যে সকল শ্রেণীকৃত, শ্রেণীযোগ্য ও পুনঃতফসিলিকৃত ঋণ গ্রহীতাগণের নিকট নোটিশ পৌছানো নিশ্চিত করতে হবে;

(৩) স্থানীয়ভাবে ডিস/ক্যাবল অপারেটরদের মাধ্যমে এতদ্‌সংক্রান্ত প্রচারনা চালাতে হবে ;

(৪) স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা/শাখার আয় বৃদ্ধির লক্ষ্যে অবলোপনকৃত ঋণ আদায় এবং ৫২-স্থগিত সুদ হিসাব হতে আয় খাতে স্থানান্তরের নির্ধারিত বার্ষিক লক্ষ্যমাত্রার আনুপাতিক অর্জন নিশ্চিত করতে হবে;

(৫) মোকদ্দমা সংশ্লিষ্ট খাতকদের সাথে আদালতের বাইরে ব্যক্তিগত নিবিড় যোগাযোগ করে আপোষরফা/সমঝোতার মাধ্যমে উল্লেখযোগ্য সংখ্যক মোকদ্দমা নিষ্পত্তির কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(৬) শীর্ষ খেলাপী ঋণ গ্রহীতাগণের সাথে দ্বি-পাক্ষিক/ত্রি-পাক্ষিক সভা আয়োজনের মাধ্যমে তাদের নিকট হতে শ্রেণীকৃত ঋণ আদায় বৃদ্ধিকরণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(খ) **ঋণ আদায় বিভাগের গত ১৬/০৩/২০২১ খ্রীঃ তারিখের পত্র নং ১৩৮৯ নির্দেশনা মোতাবেক জুন/২১ এর মধ্যে আদায় না হলে শ্রেণীকৃত হবে নতুনভাবে চিহ্নিত এমন ঋণ সমুহ শতভাগ আদায় নিশ্চিত করতে হবে।**

(গ) ব্যাংকের বিনিয়োগ কার্যক্রমসহ সার্বিক আর্থিক কর্মকান্ডের স্বাভাবিক গতিধারা অব্যাহত রাখার স্বার্থে লো-কস্ট ডিপোজিট (এসএনডি ও সঞ্চয়ী আমানত) এবং সুদবিহীন চলতি আমানত সংগ্রহের উপর বিশেষ গুরুত্ব আরোপসহ বর্তমান অর্থবছরের বার্ষিক আমানত সংগ্রহ লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করতে হবে।

পরবর্তী পাতা-০২

(ঘ) কৃষির প্রধান খাত (Core Sectors) যথা- শস্য, মৎস্য, প্রাণি সম্পদসহ চলতি মূলধন ঋণ ও অন্যান্য সকল খাতে গুনগত মানসম্পন্ন ঋণ বিতরণ করে মোট ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার আনুপাতিক অর্জন নিশ্চিত করতে হবে এবং নবায়নযোগ্য সকল নগদ/চলতি মূলধনঋণ হিসাব নবায়নের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ঙ) ১৮-০৫-২০২১ হতে ২৪-০৫-২০২১ তারিখ পর্যন্ত অনুষ্ঠিতব্য মধুমেলায় ঋণ আদায় মহাক্যাম্প ও গ্রাহক সমাবেশে আমানত সংগ্রহ, ঋণ বিতরণ, ঋণ আদায়, অবলোপনকৃত ঋণ আদায় এবং ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তর সংক্রান্ত তথ্যাদি (পরিশিষ্ট-০২) উক্ত কার্যদিবসে সন্ধ্যা ০৫.০০ ঘটিকার মধ্যে ঋণ আদায় বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

(চ) **'মধুমেলা সপ্তাহ'** পালন উপলক্ষ্যে নিম্নোক্ত নমুনা অনুযায়ী সকল শাখায় ৬ ফুট X ২$^{১/২}$ ফুট মাপের একটি ব্যানার টানাতে হবে।

| **মুজিব বর্ষে মধুমেলা অনুষ্ঠান/২০২১** | |
|---|---|
| ব্যাংকের মনোগ্রাম | মধুমেলা সপ্তাহ<br>১৮ হতে ২৪ মে, ২০২১ খ্রিঃ<br>আয়োজনেঃ বাংলাদেশ কৃষি ব্যাংক<br>........................ শাখা। |

০৪। **"মধুমেলা" অনুষ্ঠানে স্থানীয় প্রশাসনকে উপস্থিত থাকার আমন্ত্রণ জানাতে হবে এবং সর্ব ক্ষেত্রে কোভিড-১৯ এর আওতায় প্রদত্ত স্বাস্থ্যবিধি আবশ্যকীয় ভাবে পালন নিশ্চিত করতে হবে।** অনুষ্ঠান স্থলে এবং শাখা ভবনে সম্মানিত গ্রাহকদের কোন ক্রমেই জড়ো করে রাখা যাবেনা। আমানত হিসাব খোলা, ঋণ বিতরণ এবং আদায়ে আগত গ্রাহকগণকে যতদ্রুত সম্ভব সেবা প্রদান নিশ্চিত করতে হবে।

০৫। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ প্রধান কার্যালয়ের উর্ধ্বতন নির্বাহীগণ ও প্রমোটারগণ ১৮-০৫-২০২১ তারিখ হতে ২৪-০৫-২০২১ তারিখ পর্যন্ত আয়োজিতব্য **'মধুমেলা'** অনুষ্ঠানে উপস্থিত থেকে মাঠ কার্যালয়সমূহের এতদ্‌সংক্রান্ত কার্যক্রম পর্যবেক্ষণ, তদারকি এবং মধুমেলা অনুষ্ঠানকে সর্বাত্নকভাবে সফল করে তুলবেন।

০৬। ব্যাংক ব্যবস্থাপনা আলোচ্য **'মধুমেলা সপ্তাহ'** উদ্‌যাপনের বিষয়টি অত্যন্ত গুরুত্ব সহকারে বিবেচনা করছেন বিধায় বিভাগীয় মহাব্যবস্থাপক এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ স্ব-স্ব বিভাগ ও অঞ্চলাধীন শাখাসমূহের **'মধুমেলা '** অনুষ্ঠান সাফল্যমন্ডিত এবং কার্যকর করার লক্ষ্যে বিভাগীয় ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় হতে প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তাগণকে অঞ্চলাধীন পিছিয়ে পড়া শাখাসমূহে **১৮ থেকে ২৪ মে, ২০২১** সময়কালের জন্য নিয়োজিত করবেন। শাখাসমূহ কর্তৃক আয়োজিতব্য মধুমেলার মূল অনুষ্ঠানসহ ঋণ আদায় মহাক্যাম্প ও গ্রাহক সমাবেশে বিভাগীয় মহাব্যবস্থাপক ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকসহ সংশ্লিষ্ট কার্যালয়সমূহের প্রতিনিধিগণকে উপস্থিত থেকে মধুমেলা অনুষ্ঠান সাফল্যমন্ডিত করার জন্য অনুরোধ করা হলো।

০৭। উপরোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ ও পরিপালনপূর্বক অধিক পরিমাণে অবলোপনকৃত ঋণ, ৫২-স্থগিত সুদযুক্ত শ্রেণীকৃত ঋণ (CL), পুনঃতফসিলিকৃত ঋণ ও অনাদায়ী শ্রেণীযোগ্য ঋণ সুদসহ সম্পূর্ণ আদায়ের বিষয়টি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে **১৮-০৫-২০২১ হতে ২৪-০৫-২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত সপ্তাহব্যাপী 'মধুমেলা সপ্তাহ'** এ বিশেষ ঋণ আদায় কর্মসূচি পালন এবং **২৪ মে, ২০২১ খ্রিঃ তারিখের "মধুমেলা"** অনুষ্ঠান সফল বাস্তবায়নে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

০৬/০৫/২০২১

(এম এম মাহবুব আলম)
মহাব্যবস্থাপক
ঋণ আদায় মহাবিভাগ

নং-প্রকা/আদায়-১(৫৮)/২০১৮-২০১৯/১৫৮০(১২০০)

তারিখঃ ০৬-০৫-২০২১

<u>সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ</u>

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৪। সচিব, পর্ষদ সচিবালয় বিভাগ/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা, ঢাকা। উক্ত নির্দেশনামূলক পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে প্রচারের জন্য আইসিটি (সিস্টেমস) বিভাগ, অনুরোধ করা হলো।
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বিকেবি।
০৬। কর্পোরেট শাখা/মুখ্য অঞ্চল/অঞ্চল/শাখাসমূহের সার্বিক কার্যক্রম মনিটরিং এর দায়িত্বে নিয়োজিত সকল প্রমোটারবৃন্দ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। নথি/মহানথি।

০৬/০৫/২১

(মোহাম্মদ আজিজুর রহমান ফকির)
উপ-মহাব্যবস্থাপক

# বাংলাদেশ কৃষি ব্যাংক
## প্রধান কার্যালয়, ঢাকা।
## ঋণ আদায় বিভাগ।

**বিষয়ঃ ২৪-০৫-২০২১ ইং তারিখে অনুষ্ঠিতব্য " মধুমেলা " অনুষ্ঠানের বিভিন্ন খাতের লক্ষ্যমাত্রা ।**

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগের নাম | আমানত সংগ্রহ | ঋণ বিতরণ | ঋণ আদায় | | | জুন'২১ এর মধ্যে আদায় না হলে শ্রেণীকৃত হবে নতুনভাবে চিহ্নিত এমন পুনঃতফশীলকৃত ঋণ | সর্বমোট ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা | ৫২-স্থগিত সুদের লক্ষ্যমাত্রা | অবলোপনকৃত ঋণের লক্ষ্যমাত্রা | বিআরপিডি-০৫ এর আওতায় মওকুফকৃত আনটাচড হিসাব থেকে আদায়(সংখ্যায়) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | শ্রেণীকৃত ঋণ | শ্রেণীযোগ্য-১ ঋণের অনাদায়ী অংশ | শ্রেণীযোগ্য-২ ঋণ | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | ঢাকা | ৩০৫.০০ | ৫২৫.০০ | ৩৫৫.০০ | ৩৫.০০ | ২০৫.০০ | ১১০.৪১ | ৭০৫.৪১ | ৬০.০০ | ১০.০০ | ২০০ |
| ২ | ময়মনসিংহ | ৩৫৫.০০ | ১০৫.০০ | ১১৫.০০ | ১২.০০ | ৩০.০০ | ৪৫৭.৫৯ | ৬১৪.৫৯ | ৩৫.০০ | ২.০০ | ২৫০ |
| ৩ | চট্টগ্রাম | ৮৩৫.০০ | ৩২৫.০০ | ১৪০.০০ | ৮.০০ | ১৫০.০০ | ১০১.৩৫ | ৩৯৯.৩৫ | ২৫.০০ | ৫.০০ | ১২০ |
| ৪ | কুমিল্লা | ২৫০.০০ | ৩৩০.০০ | ৬০.০০ | ৩২.০০ | ৯০.০০ | ৯৬.৫০ | ২৭৮.৫০ | ৩০.০০ | ২.০০ | ২০০ |
| ৫ | সিলেট | ২৫৫.০০ | ১৮৫.০০ | ২০.০০ | ২.০০ | ৩৫.০০ | ৪২১.২০ | ৪৭৮.২০ | ১০.০০ | ২.০০ | ৮০ |
| ৬ | খুলনা | ৩৫৫.০০ | ৪৫০.০০ | ৬০.০০ | ১০.০০ | ৭৫.০০ | ৯০.৮০ | ২৩৫.৮০ | ১৫.০০ | ৬.০০ | ৩০ |
| ৭ | কুষ্টিয়া | ১৯৫.০০ | ৪২৫.০০ | ৪০.০০ | ১.০০ | ১০.০০ | ০.০০ | ৫১.০০ | ৮.০০ | ০.২০ | ৪০ |
| ৮ | বরিশাল | ৩২৫.০০ | ২০৫.০০ | ২৫.০০ | ৩৫.০০ | ১০.০০ | ৯৮.৫১ | ১৬৮.৫১ | ১২.০০ | ০.৩০ | ৭০ |
| ৯ | ফরিদপুর | ২৫৫.০০ | ৩৪০.০০ | ১৫.০০ | ০.০০ | ১৫.০০ | ১৬১.৮১ | ১৯১.৮১ | ৫.০০ | ০.২৫ | ২৫ |
| ১০ | এলপিও | ৫০.০০ | ৬২৫.০০ | ২০.০০ | ০.০০ | ১৩০.০০ | ০.০০ | ১৫০.০০ | ৬৫.০০ | ০.২৫ | ১০ |
| | সর্বমোট ঃ | ৩১৮০.০০ | ৩৫১৫.০০ | ৮৫০.০০ | ১৩৫.০০ | ৭৫০.০০ | ১৫৩৮.১৭ | ৩২৮২.১৭ | ২৬৫.০০ | ২৮.০০ | ১০২৫ |

০৬/০৫/২০২১
(মোঃ মাহমুদুল হাসান ভুঁইয়া)
মুখ্য কর্মকর্তা

০৬/০৫/২০২১
(মোহাম্মদ আজিজুর রহমান ফকির)
উপ-মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়.............।

পরিশিষ্ট-"২"

**বিষয়: ২৪ মে ২০২১ তারিখে অনুষ্ঠিত " মধুমেলা " অনুষ্ঠানের আমানত সংগ্রহ, ঋণ বিতরণ এবং ঋণ আদায় সংক্রান্ত তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।**

ছক-ক

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগের নাম | ঋণ আদায়: শ্রেণীকৃত ঋণ | | | | | ঋণ আদায়: শ্রেণীবহির্ভূত-১ ঋণের অনাদায়ী অংশ | | | | | ঋণ আদায়: শ্রেণীবহির্ভূত-২ ঋণ | | | | | জুন'২১ এর মধ্যে আদায় না হলে শ্রেণীকৃত হবে সম্ভাবনাময় চিহ্নিত এবং পুনঃতফসিলিকৃত ঋণ | | | | | সর্বমোট ঋণ আদায় | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | নগদ | সমন্বয় | মোট | হার | লক্ষ্যমাত্রা | নগদ | সমন্বয় | মোট | হার | লক্ষ্যমাত্রা | নগদ | সমন্বয় | মোট | হার | লক্ষ্যমাত্রা | নগদ | সমন্বয় | মোট | হার | উপস্থিত গ্রাহক সংখ্যা | লক্ষ্যমাত্রা | নগদ | সমন্বয় | মোট | হার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ |
| ১ | | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | #উভঠ/০! | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | #উভঠ/০! | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | #উভঠ/০! | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | #উভঠ/০! | ০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | #উভঠ/০! |

ছক-খ

| ক্রঃ নং | বিভাগের নাম | আমানত সংগ্রহ | | | ঋণ বিতরণ | | | ৫০% ছাড়কৃত সুদ আদায় | | | অবলোপনকৃত ঋণ আদায় | | | বিআরপিডি-০৫ এর আওতায় মঞ্জুরীকৃত আবেদনের হিসাব থেকে আদায়(সংগ্রহ) | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | আদায়ের পরিমাণ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
| ১ | | | | | | | | | | | | | | | | | |